

হারুন রশীদ আজাদের দু'টি কবিতা

## তুমি চাঁদের দুরত্বে কেন?

পুলকিত হয় মন, তোমার আগমনে, কিংবা কণ্ঠশ্বনে  
ভাবি কত কাছে তুমি, অনুভূতির হৃদয় গহনে  
গভীর রাতে আলোর ছটা আসে, রূপালী চাঁদ থেকে  
সব কথা বলি তাই, নিঃসঙ্গ চাঁদটাকে  
মুক্তার মত দাঁত দেখি আমি, রূপসী মুখ থেকে  
বলতে পারিনা সেই সুন্দর বলতে হবে যাকে ।

মধ্যে রাতের শব্দগুলি সাদা দেয়ালে ছাপি  
মনের তুলিতে চোখের ছবি হৃদয়ের পটে আঁকি  
কত কথা জমে মোম হয়েছে, গলবে কিনা জানি  
আর কতকাল রুধিবে অশ্রু, শুকাবে চোখের পানি  
তোমাকে নিয়ে কত কি ভাবি, আশার আলো চোখে -  
আসবে কি প্রীতম, এসোনা আমার বুকে ।

## শুধু অভিমান !

কত কথা জমে বুক ভরে আছে, জানাবো কেমনে  
তুমি আসবেনা, কিছু শুনবেনা জানি -  
তবু কেন মন অপেক্ষার অভিমানে  
চোখে চোখ রেখে কত বলেছি, বাক্যহীন উচ্চারণে  
পাথরের মূর্তি তুমি, বুঝনি তা হয়তো কোন কারনে  
দিনের ব্যস্ততা শেষে তাই, রাত কাটে অভিমানে  
ভালবাসি তাই তোমার থেকে, নিজেকে লুকাই গোপনে ।

পূর্ণ চাঁদ দেখি নীরব পৃথিবী জুড়ে  
কোথাও তুমি নেই, অথচ স্বপ্নের ঘুমে  
তোমাকে পাই যখনই শুই ঘুরে  
কি অপূর্ব আবেশে জড়াই মোরা দুই জন  
দুই দেহ এক হয় তবুও দুটি মন  
রাতের রজনীগন্ধা সুবাস ছড়ায়  
সব কিছু ভুলে মন আবেগে জড়ায়  
স্বপ্ন ভাঙ্গা ক্ষুর মন গায় দুঃখের গান -  
অবশেষে মনে হয় সবই অভিমান !

